

সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

Resilience, Entrepreneurship and Livelihood Improvement (RELI) Project

ক্লাস্টার ফ্যাসিলিটের পদের দায়িত্ব ও কর্তব্য

ক্লাস্টার ফ্যাসিলিটের পদটি **RELI** শীর্ষক প্রকল্প বাস্তবায়নে মাঠ পর্যায়ে প্রকল্প বাস্তবায়ন এবং লক্ষ্যিত অতিদরিদ্র ও দরিদ্র জনগোষ্ঠীর সক্ষমতা তৈরি করার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ পদে নিয়োজিত কর্মীকে সরাসরি প্রকল্পভুক্ত গ্রামের অতিদরিদ্র এবং দরিদ্র জনগোষ্ঠীর মাধ্যমে কমিউনিটি চালিত উন্নয়ন (সিডিডি) প্রক্রিয়া ব্যবহার করে প্রকল্প কর্মকাণ্ড বাস্তবায়নে নিবিড়ভাবে সহায়তা প্রদান করতে হবে। তিনি অপরিচিত দায়িত্ব পালনের জন্য ক্লাস্টার অফিসারের নিকট দায়বদ্ধ থাকবেন।

১. দায়িত্ব ও কর্তব্য:

- কমিউনিটি অপারেশন ম্যানুয়াল (কম) অনুযায়ী প্রকল্পভুক্ত গ্রামের অতিদরিদ্র এবং দরিদ্র জনগোষ্ঠীকে একত্রিত করে প্রকল্প কার্যক্রম সম্পর্কে পুংখানুপুংখরূপে ধারণা দেওয়া এবং সংগঠিত করা;
- গ্রাম পর্যায়ের বিভিন্ন সংগঠন ও কমিটি যেমন- দল গঠন, গ্রাম সমিতি (GS), ভিলেজ ক্রেডিট অর্গানাইজেশন (VCO), হেল্থ অ্যান্ড নিউট্রিশন সাপোর্ট কমিটি (HNSC), সোশ্যাল অডিট কমিটি (SAC) এবং গ্রাম পরিষদ ইত্যাদি প্রতিষ্ঠা এবং এর সদস্যদের দক্ষতা বৃদ্ধিতে প্রকল্প নিয়ম অনুযায়ী প্রশিক্ষণের ব্যবস্থা করা;
- **RELI** দল, গ্রাম সমিতি (GS), ভিলেজ ক্রেডিট অর্গানাইজেশন (VCO), হেল্থ অ্যান্ড নিউট্রিশন সাপোর্ট কমিটি (HNSC), সোশ্যাল অডিট কমিটি (SAC) এবং গ্রাম পরিষদ ইত্যাদির নিয়মিত সভা অনুষ্ঠানে সহায়তা প্রদান করা, উপস্থিত থাকা এবং নিয়মিতভাবে বিভিন্ন ডকুমেন্টস, রেজিস্টার, খাতাপত্র হালনাগাদ রাখতে ও সংরক্ষণ করতে সহায়তা প্রদান করা;
- গ্রাম পর্যায়ে প্রকল্পের উপকারভোগী কর্তৃক পরিচালিত সঞ্চয় ও ঋণ কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে ব্যাংক থেকে অর্থ উত্তোলন, বিতরণ যথাযথভাবে সম্পন্ন করা;
- প্রকল্পভুক্ত সদস্যদের আয়বর্ধনমূলক কর্মকাণ্ড (আইজিএ) বাস্তবায়নের ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করা এবং ঋণ গ্রহণ করে সঠিকভাবে পরিচালনায় সহায়তা প্রদান করা;
- উপকারভোগী পরিবারের বেকার যুবদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ গ্রহণ এবং কর্মসংস্থান পেতে সহায়তা করা;
- উপকারভোগী পরিবারের মেধাবী ছাত্র নির্বাচন এবং প্রকল্পের নিয়মানুসারে বৃত্তি পেতে সহায়তা করা;
- সহায়সম্মলহীনদের জন্য সঠিক আয়বর্ধনমূলক কাজ নির্বাচন করে তা বাস্তবায়নে সহায়তা করা;
- দায়িত্বপ্রাপ্ত গ্রামসমূহের সংগঠনকে বিভিন্ন ধরনের তহবিল যথা- প্রতিষ্ঠান উন্নয়ন ফান্ড, স্বাবলম্বী ফান্ড, অবকাঠামো উন্নয়ন ফান্ড ইত্যাদি প্রকল্প থেকে যথাসময়ে পেতে সহায়তা প্রদান ও যথাযথ ব্যবহার নিশ্চিত করা;
- উপকারভোগী কর্তৃক দারিদ্র বিমোচনের আওতায় প্রকল্প থেকে আর্থিক সহায়তা প্রাপ্তিতে সহায়তা করা;

- গ্রাম সংগঠনের বিভিন্ন কমিটি কর্তৃক পরিচালিত ব্যাংক হিসাবের প্রমাণাদি নিয়মিত পরীক্ষা-নিরীক্ষা করা এবং প্রয়োজনীয় সহায়তা দেওয়া;
- গ্রাম পর্যায়ে কমিউনিটি রিসোর্স পার্সনের মাধ্যমে ঋণ ব্যবস্থাপনা সিস্টেমে সকল ধরনের ডাটা এন্ট্রি নিশ্চিত করা;
- উৎপাদনকারী দল এবং উদ্যোক্তা তৈরি করা এবং প্রকল্প থেকে বিভিন্ন ধরনের আর্থিক সহায়তা প্রাপ্তি ও ব্যবহার নিশ্চিত করা;
- বিভিন্ন প্রতিষ্ঠান এবং সংস্থার সাথে সংযোগ স্থাপনে গ্রাম সমিতি, ভিলেজ ক্রেডিট অর্গানাইজেশন (VCO) ইত্যাদিকে সহায়তা করা;
- প্রকল্পভুক্ত গ্রামসমূহ নিয়ে ক্লাস্টার পর্যায়ে **আরইএলআই ক্লাস্টার কমিউনিটি সোসাইটি (আরসিসিএস)** এবং জেলা পর্যায়ে **আরইএলআই ডিস্ট্রিক্ট কমিউনিটি সোসাইটি (আরডিসিএস)** গঠনে সহায়তা প্রদান করা;
- নিয়মিতভাবে প্রকল্পের অগ্রগতির প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে দাখিল করা;
- কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্য যে কোন দায়িত্ব পালন করা।

২. শিক্ষাগত যোগ্যতা:

- কমপক্ষে স্নাতক ডিগ্রীধারী।

৩. অভিজ্ঞতা:

- নিম্নলিখিত কাজসমূহে কমপক্ষে ২ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে:
 - ✓ অংশগ্রহণমূলক পদ্ধতিতে অতিদরিদ্র ও দরিদ্র জনগোষ্ঠী চিহ্নিতকরণ, দল গঠন, বিভিন্ন ধরনের সংগঠন ও কমিটি গঠন, সক্ষমতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ প্রদানে অভিজ্ঞতা ইত্যাদি।
 - ✓ ঋণ কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে জীবিকা উন্নয়ন, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ও কর্মসংস্থান সৃষ্টি ইত্যাদি কাজের অভিজ্ঞতা থাকতে হবে।
 - ✓ গ্রাম পর্যায়ে অতিদরিদ্র এবং দরিদ্র পরিবারের সাথে কাজ করার মন-মানসিকতাসম্পন্ন হতে হবে।

৪. বয়স:

পত্রিকার বিজ্ঞপ্তি মোতাবেক দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখে সর্বোচ্চ বয়স ৪০ বছর হতে হবে।